

# বাক্বিতে ১২০০ শিক্ষার্থীর অংশগ্রহণে ছাত্রশিবিরের গণইফতার

বাক্বি প্রতিনিধি

০৩ মার্চ, ২০২৫  
২০:৪১

শেয়ার

অ +

অ -



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রশিবিরের আয়োজনে গণ ইফতার

পবিত্র রমজান উপলক্ষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি) সাত দিনব্যাপী গণ ইফতার কর্মসূচির আয়োজন করেছে ইসলামী ছাত্রশিবির। গণ ইফতার কর্মসূচির দ্বিতীয় দিনে সোমবার (৩ মার্চ) এক হাজার দুই'শ শিক্ষার্থী একসঙ্গে ইফতার করেছেন।

গণ ইফতার উপলক্ষে আসরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শিক্ষার্থীদের ঢল নামতে শুরু করে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে শিক্ষার্থীরা দলে দলে মসজিদে উপস্থিত হতে থাকেন।

ইফতারের পূর্ব মুহূর্তে কেন্দ্রীয় মসজিদের খতিব সাওমের তাৎপর্য ও দোয়া পরিচালনা করেন।

### আরো পড়ুন



‘ক্ষমতা পেলে লুটেপুটে খাওয়ার মানসিকতা পরিহার করতে হবে’

গণ ইফতার কর্মসূচির বিষয়ে বাকুবী শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি আবু নাছির মো. তোহা বলেন, পবিত্র রমজানের শিক্ষা সবার মাঝে ছড়িয়ে দিতে বাকুবী ছাত্রশিবির সাত দিনব্যাপী গণ ইফতার কর্মসূচি হাতে নিয়েছে। বাকুবির শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আমরা অভিভূত। প্রথম দিনের তুলনায় আজ দ্বিগুণ শিক্ষার্থী আমাদের ইফতারে শরিক হয়েছেন।

এটাই আমাদের সংগঠনের প্রতি শিক্ষার্থীদের ভালোবাসার দৃষ্টান্ত। শিক্ষার্থীদের প্রতি কৃতজ্ঞতা জানাই, পাশাপাশি আগামী দিনগুলোতেও একইভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য, রমজানের প্রথম সাত দিন বাকুবির কেন্দ্রীয় মসজিদে সর্বসাধারণের জন্য বিনামূল্যে গণ ইফতারের আয়োজন থাকবে বলে নিশ্চিত করেছেন বাকুবি ছাত্রশিবিরের নেতারা।